গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমাই, কুমিল্লা
www.lalmai.comilla.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির আগস্ট/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মো. ফোরকান এলাহি অনুপম
উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমাই, কুমিল্লা
সভার তারিখ : ২৯ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ, সকাল ১০.০০ টায়
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' উপস্থিত সদস্যদের নামের তালিকা

সভাপতি সম্মানিত সকল সদস্যকে স্বাগত ও হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরে তিনি, গত ২৬ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় এবং এটি সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**১। অপরাধচিত্র:** আগস্ট/২০২৩, জুলাই/২০২৩, এবং জুন/২০২৩

| মাসের নাম | ডাকাতি | দস্যুতা | খুন | ধর্ষণ | অগ্নিসংযোগ | দাঙ্গা | অপহরণ | নারী ও শিশু নির্যাতন | পুলিশ আক্রান্ত | সিঁধেল চুরি | পশু চুরি | অন্যান্য চুরি | অস্ত্র আইন | বিস্ফোরক | চোরাচালান | দ্রুত বিচার | মাদক দ্রব্য | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আগস্ট/২০২৩ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | ০৩ | ০৪ | ০৭ |
| জুলাই/২০২৩ | - | - | - | - | - | - | - | ০১ | - | - | - | - | - | - | - | - | ০৩ | ০৫ | ০৯ |
| জুন/২০২৩ | ০১ | - | - | - | - | - | - | ০২ | - | - | - | - | - | - | - | - | ০৩ | ০২ | ০৮ |

সিদ্ধান্ত: অপরাধ প্রবণতা নিয়ন্ত্রণে রাখার জন্য অফিসার ইনচার্জ, লালমাই থানা ও ইনচার্জ, ভুশ্চি বাজার পুলিশ তদন্ত কেন্দ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**০২। আলোচনা ও সিদ্ধান্ত:**

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | **অপরাধ চিত্র পর্যালোচনা:** আগস্ট/২০২৩ মাসের অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায়, বিগত মাসের তুলনায় বিভিন্ন অপরাধে আগস্ট/২০২৩ মাসে মামলার সংখ্যা হ্রাস পেয়েছে। আগস্ট/২০২৩ মাসে বিভিন্ন অপরাধের জন্য ০৭ (সাত) টি মামলা রুজু হয়েছে। এমতাবস্থায়, অপরাধ প্রবণতা হ্রাস করার কার্যকরী উদ্যোগ গ্রহণ এবং গুরুতর অপরাধের সংখ্যা হ্রাসকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | অপরাধ নিয়ন্ত্রণ এবং গুরুতর অপরাধ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, লালমাই থানা এবং ইনচার্জ, ভুশ্চি বাজার পুলিশ তদন্ত কেন্দ্র। |
| ২.২ | **আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা:** অফিসার ইনচার্জ, লালমাই থানা উপস্থিত সকলকে সালাম জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি বলেন, আগস্ট/২০২৩ মাসে লালমাই উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ছিল। গৈয়ারভাঙ্গায় গত ২৬ আগস্ট ২০২৩ তারিখে ১টি বিচ্ছিন্ন ঘটনা ঘটেছে। অতঃপর তিনি, আগস্ট/২০২৩ মাসে গৃহীত | ১। লালমাই উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ আরো উন্নতির লক্ষ্যে সংশ্লিষ্ট সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, লালমাই থানা এবং ইনচার্জ, ভুশ্চি বাজার পুলিশ তদন্ত কেন্দ্র। |

| | | | |
|---|---|---|---|
| | ০৭ (সাত) টি মামলা নিয়ে পর্যালোচনা করেন। তিনি আরও বলেন, মাদকের বিরুদ্ধে আমাদের জিরো টলারেন্স চলমান আছে এবং থাকবে। চলতি মাসেও মাদকের বিরুদ্ধে ০৩ (তিন) টি মামলা রুজু হয়েছে। লালমাই উপজেলা হতে মাদক নির্মূলে তিনি ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের নিকট হতে সুনির্দিষ্ট তথ্য দেয়ার অনুরোধ জানান। মাদকবিরোধী অভিযান পরিচালনা, যানজট নিরসন ও বিভিন্ন অপরাধমূলক কার্যক্রম নিয়ন্ত্রণে টহল/অভিযান অব্যাহত রয়েছে বলে সভাকে অবিহিত করেন। এছাড়াও অবৈধভাবে মাটি কাটা রোধে উপজেলা প্রশাসন কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টে সহায়তা অব্যাহত রয়েছে। | | |
| ২.৩ | **অবৈধ অস্ত্র উদ্ধার:** বিবরণী পর্যালোচনায় দেখা যায় আগস্ট/২০২৩ মাসে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক অবৈধ অস্ত্র উদ্ধার করা হয়নি। আলোচনায় অংশ গ্রহণ করে অফিসার ইনচার্জ, লালমাই থানা জানান যে, এ মাসে কোন অবৈধ অস্ত্র উদ্ধার করা হয়নি। অবৈধ অস্ত্র উদ্ধার কার্যক্রম অব্যাহত আছে। | আইন-শৃঙ্খলা বাহিনীর অবৈধ অস্ত্র উদ্ধার কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, লালমাই থানা এবং ইনচার্জ, ভুশ্চি বাজার পুলিশ তদন্ত কেন্দ্র। |
| ২.৪ | **মোবাইল কোর্ট পরিচালনা:** নিয়মিত অভিযানের অংশ হিসেবে আগস্ট/২০২৩ মাসে ০৮ (আট) টি মোবাইল কোর্ট পরিচালনা করে ১১ (এগারো) টি মামলায় ১১ (এগারো) জনকে =৬৫,৮০০/-(পঁয়ষট্টি হাজার আটশত) টাকা জরিমানা প্রদান করা হয়েছে। | নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লালমাই ও সহকারী কমিশনার (ভূমি), লালমাই, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার লালমাই, ও সহকারী কমিশনার (ভূমি), লালমাই, কুমিল্লা। |
| ২.৫ | **গ্রাম আদালত:** সভাপতি বলেন, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রতিদিন অনেক ছোট ছোট সমস্যা নিয়ে বিভিন্ন ইউনিয়ন হতে অনেক লোকজন সেবা নিতে আসে যা গ্রাম আদালতে মীমাংসা করা যায়। কিন্তু এ সমস্যাগুলো গ্রাম আদালতের মাধ্যমে সমাধান করা হচ্ছে না। এ প্রসঙ্গে তিনি সকল ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন, গ্রাম আদালত সম্পর্কে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধিসহ সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করতে হবে। গ্রাম আদালতের মাধ্যমের জনগণ যেন কোনরূপ হয়রানির শিকার না হয় সে জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/মেম্বারদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। গ্রাম আদালত নিয়ে মানুষের মধ্যে বিশ্বাসের জায়গা তৈরি করতে হবে, যেন সাধারণ মানুষ গ্রাম আদালতের উপর আস্থা রাখতে পারে। ইনোভেটিভ আইডিয়ার মাধ্যমে গ্রাম আদালতকে এগিয়ে নিয়ে যেতে হবে। প্রতি মাসে অন্তত ০৪ মামলা নিষ্পত্তি করতে হবে। তিনি আরও বলেন, লালমাই উপজেলাধীন ০৯ টি ইউনিয়নে ০৯ টি গ্রাম আদালত রয়েছে। উক্ত গ্রাম আদালতে জুলাই/২০২৩ মাসের জের ৬৯ টি, আগস্ট/২০২৩ মাসে দায়েরকৃত মামলা সংখ্যা ৪৯ টি ও আগস্ট//২০২৩ মাস পর্যন্ত দায়েরকৃত মোট মামলা সংখ্যা ১১৮ টি। তার মধ্যে আগস্ট//২০২৩ মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৫১ টি ও অনিষ্পন্ন মামলার রয়েছে ৬৭ টি। গ্রাম আদালতে অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৩০ টি মধ্যে নামিয়ে আনার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করেন। | ০১। এখতিয়ার বর্হিভূত কোন মামলা গ্রহণ না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। গ্রাম আদালত সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। গ্রাম আদালতের অনিষ্পন্নকৃত মামলা স্বচ্ছতার সাথে দ্রুত নিষ্পত্তির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউ.পি (সকল), লালমাই, কুমিল্লা |
| ২.৬ | **মাদকদ্রব্য ও চোরাচালান নিয়ন্ত্রণ:** মাদকদ্রব্য ও চোরাচালানের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণসহ মাদকের কুফল সম্পর্কে জনগণকে সচেতনকরণ এবং মাদক নির্মূলে অভিযান অব্যাহত রাখা প্রসঙ্গে চেয়ারম্যান (সকল) ইউ.পি জানান যে, মাদকদ্রব্য | ০১। ইউনিয়ন ভিত্তিক মাদকবিরোধী সেমিনার, উঠান বৈঠক করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, লালমাই থানা ও ইনচার্জ, ভুশ্চি বাজার পুলিশ তদন্ত কেন্দ্র ও |

| | | | |
|---|---|---|---|
| | আমাদের সমাজে অভিনব কায়দায় ঢুকে পড়েছে যা আমাদের পরবর্তী প্রজন্মের জন্য হুমকিস্বরূপ তাই মাদকদ্রব্য ও চোরাচালানের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণসহ এর কুফল সম্পর্কে জনগণকে অবহিত ও সচেতন করার লক্ষ্যে ইউনিয়ন ভিত্তিক মাদকবিরোধী সেমিনার, উঠান বৈঠক করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সম্মতি প্রকাশ করেন। | ০২। মাদকসেবীর তালিকা ও মাদক সেবনের স্পটের তালিকা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল), ইউপি, লালমাই, কুমিল্লা |
| ২.৭ | **নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান:** ইউনিয়ন আইন-শৃঙ্খলা সমন্বয় কমিটির সভা এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত করে কার্যবিবরণী প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করা হয়। কয়েকটি ইউনিয়ন ব্যতীত অধিকাংশ ইউনিয়ন পরিষদ থেকে নিয়মিত কার্যবিবরণী ও অন্যান্য প্রতিবেদন যথাসময়ে পাওয়া যায় না। কার্যবিবরণী ও অন্যান্য প্রতিবেদন যথাসময়ে প্রেরণ না করা হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের বহন করতে হবে। | কার্যবিবরণী ও অন্যান্য প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,ইউ.পি (সকল), লালমাই, কুমিল্লা |
| ২.৮ | **বাজার দর স্থিতিশীল রাখা:** লালমাই উপজেলায় নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ ও বাজারদর স্থিতিশীল রাখা জরুরী মর্মে উপস্থিত সদস্যবৃন্দ মতামত ব্যক্ত করেন। সভাপতি বলেন, বর্তমান সময়ে নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজারদর নিয়ে কোন অসাধু ব্যবসায়ী বাজারদরের কারসাজি করে অবৈধভাবে অর্থ উপার্জন করতে না পারে সেদিকে দৃষ্টি রাখতে হবে এবং বাজারদর নিয়ে গুজব ছড়িয়ে বাজারে যেন কৃত্রিম সংকট তৈরি করতে না পারে সে জন্য সংশ্লিষ্ট সকলে সজাগ থাকতে হবে। বাজারদর মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। কৃষি বিপণন অধিদপ্তরের প্রকাশিত মূল্য তালিকা অনুসারে খুচরা ব্যবসায়ীগণ যাতে পণ্য বিক্রয় করে সে বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও বাজার কমিটির সদস্যগণকে মনিটরিং করার অনুরোধ জানান এবং প্রতিটি দোকানের দৃশ্যমান স্থানে নিত্য প্রয়োজনীয় পণ্য-দ্রব্যের মূল্য তালিকা সংরক্ষণের বিষয়ে সভাপতি মতামত ব্যক্ত করেন। সভায় এ বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | ০১। সংশ্লিষ্ট সকলকে বাজার দর স্থিতিশীল রাখা ও সকল প্রকার কারসাজি রোধে প্রয়োজনীয় সহযোগিতার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। প্রতিটি দোকানের দৃশ্যমান স্থানে নিত্য প্রয়োজনীয় পণ্য-দ্রব্যের 'কৃষি বিপণন অধিদপ্তরের প্রকাশিত মূল্য তালিকা' টানানো সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার লালমাই, কুমিল্লা, সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ, লালমাই থানা, চেয়ারম্যান, ইউ.পি (সকল), লালমাই, কুমিল্লা। |
| ২.৯ | **জুয়া খেলা:** সভাপতি, জুয়া খেলা বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে অফিসার ইনচার্জ, লালমাই থানাকে জুয়া খেলার স্থান চিহ্নিত করে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন। অফিসার ইনচার্জ, লালমাই থানা, কুমিল্লা জানান যে, জুয়া খেলা রোধে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে আরও কার্যকরী ভূমিকা পালন করতে হবে এবং সংশ্লিষ্ট স্থান চিহ্নিত করে গোপনীয় প্রতিবেদন দেয়ার অনুরোধ জানান। সামাজিকভাবে সচেতনতা গড়ে তুলার জন্য প্রয়োজনীয় জনসচেতনামূলক সভা, সেমিনার অব্যাহত রাখতে হবে বলে জানান। এ বিষয়ে সভাপতি, সার্বিকভাবে জুয়া খেলা বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের এবং ধীরে ধীরে তা শূন্যের কোটায় আনার জন্য অফিসার ইনচার্জ, লালমাই থানা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভাপতি হিসেবে এ বিষয়ে আরও তৎপর হওয়ার এবং বিভিন্ন স্থানে টাকার বিনিময়ে জুয়া, কেরাম, লুডু ও অন্যান্য খেলাসহ সকল জুয়া খেলা বন্ধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, লালমাই থানা ও ইনচার্জ, ভুশ্চি বাজার পুলিশ তদন্ত কেন্দ্রকে অনুরোধ করা হয়। | ০১। জুয়া খেলা বন্ধে নিয়মিত পুলিশি টহল ও অভিযান পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, অফিসার ইনচার্জ, লালমাই থানা ও ইনচার্জ, ভুশ্চি বাজার পুলিশ তদন্ত কেন্দ্র |

| | | | |
|---|---|---|---|
| ২.১০ | **নভেল করোনাভাইরাস বা COVID-19 ও ডেঙ্গু প্রতিরোধ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লালমাই, কুমিল্লা উপস্থিত সকলকে সালাম বক্তব্য শুরু করেন। তিনি জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লালমাই, কুমিল্লার কার্যক্রম অস্থায়ীভাবে বাগমারা ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালে চালু রয়েছে। বর্তমানে ডেঙ্গুর প্রকোপ বেড়েছে। এ বিষয়ে আমাদের সচেতন হতে হবে। ডেঙ্গু সন্দেহ হলেই একজন অভিজ্ঞ ডাক্তারের শরণাপন্ন হওয়ার পরামর্শ প্রদান করেন এবং জরুরী প্রয়োজনে জাতীয় হটলাইন নম্বর: ১৬২৬৩ নম্বরে যোগাযোগ করার অনুরোধ জানান। তিনি আরও জানান, সরকারি হাসপাতালগুলোতে নির্ধারিত ফি পরিশোধের মাধ্যমে ডেঙ্গু টেস্ট করা যায়। চিকিৎসকের পরামর্শ ছাড়া কোন প্রকারের ঔষধ সেবন না করার অনুরোধ জানান। আগস্ট/২০২৩ খ্রি. মাসে সর্বমোট =৩,১০১ জন রোগীকে বহিঃবিভাগে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। লালমাই উপজেলার ২০ টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট =১২,৩৬০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। কোভিড-১৯ এর ১ম ডোজ-১,৮০,৯৩৮ জন, ২য় ডোজ: ১,৪৭,৫৬৫ জন, ৩য় ডোজ: ৬৪,২৪৯ জন এবং ৪র্থ ডোজ: ৭,৫০১ জন কে প্রদান করা হয়েছে। তিনি আরও জানান, হাসপাতালের নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা ও প্রয়োজনীয় সংখ্যক লাইটিং এর প্রয়োজন। সভাপতি বলেন, ভ্যাকসিনেশন কার্যক্রমে সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে। সংশ্লিষ্ট সকলকে ভ্যাকসিনেশনের আওতায় আনার জন্য প্রয়োজনীয় প্রচার প্রচারণা ও ক্যাম্পেইন কার্যক্রম জোরদার করতে হবে। এ বিষয়ে তিনি স্বাস্থ্য বিভাগের পাশাপাশি লালমাই উপজেলাধীন সকল পর্যায়ের জনপ্রতিনিধিগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়াও নভেল করোনাভাইরাস বা COVID-19 এর সংক্রমণ রোধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভ্যাকসিন গ্রহণের পাশাপাশি বাধ্যতামূলকভাবে মাস্ক পড়া, 'নো মাস্ক নো সার্ভিস' 'নীতি প্রয়োগ করা, সামাজিক দুরুত্ব বজায় রাখা, জনসমাগম যথাসম্ভব বর্জন করার অনুরোধ জানান। এছাড়াও সরকার কর্তৃক সময়ে সময়ে যে জারিকৃত বিধি-নিষেধ ও নির্দেশনা প্রদান করা হয়েছে তা নিয়ে উপজেলা প্রশাসন, স্বাস্থ্য বিভাগ, পুলিশ বিভাগ ও সশস্ত্র বাহিনী সম্মিলিতভাবে কাজ করে যাচ্ছে। ডেঙ্গু প্রতিরোধে সকলকে নিজ বাড়ি, বাড়ির আঙ্গিনা ও আশেপাশের বিভিন্ন জায়গা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার পরামর্শ দেন। | ০১। এডিস মশা লার্ভা বা কীট রয়েছে এমন সন্দেহ প্রবণ স্থানে ফগার মেশিনের মাধ্যমে স্প্রে করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। সংশ্লিষ্ট সকলকে বুস্টার ডোজের আওতায় আনার জন্য প্রয়োজনীয় প্রচার প্রচারণা ও ক্যাম্পেইন কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। নভেল করোনাভাইরাস COVID-19 সংক্রমণ রোধে উপজেলা প্রশাসন, স্বাস্থ্য বিভাগ, পুলিশ বিভাগ ও সশস্ত্র বাহিনী সম্মিলিতভাবে কাজ করার, ডেঙ্গু প্রতিরোধে সকলকে নিজ বাড়ি, বাড়ির আঙ্গিনা ও আশেপাশের বিভিন্ন জায়গা পরিস্কার-পরিচ্ছন্নতা রাখতে সকলের সার্বিক সহযোগিতার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। হাসপাতালের নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা ও প্রয়োজনীয় সংখ্যক লাইটিং স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লালমাই, অফিসার ইনচার্জ, লালমাই থানা চেয়ারম্যান ইউ.পি (সকল) লালমাই, কুমিল্লা |
| ২.১১ | **জঙ্গীবাদ ও নাশকতা:** সভাপতি বলেন, জঙ্গীবাদ রোধে সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লালমাইকে মসজিদ ভিত্তিক কার্যক্রমের পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও জঙ্গিবাদের সাথে জড়িত কোন নিষিদ্ধ সংগঠন যাতে গোপনে তৎপরতা চালাতে না পারে সে বিষয়ে গোয়েন্দা সংস্থা ও আইন-শৃঙ্খলা বাহিনীকে তৎপর হওয়ার পাশাপাশি ইসলামিক ফাউন্ডেশন, লালমাই কর্তৃক প্রতিটি মসজিদে জুমার খুতবায়ে বয়ানের মাধ্যমে সাধারণ জনগণকে আরও সচেতন করতে হবে। | জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধে সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, অফিসার ইনচার্জ, লালমাই থানা চেয়ারম্যান, ইউ.পি (সকল) লালমাই, কুমিল্লা |
| ২.১২ | **নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ:** ডিজিএম, বাগমারা জোনাল অফিস, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-০২, লালমাই, | ১। সর্বক্ষেত্রে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-০২, |

| | | | |
|---|---|---|---|
| | কুমিল্লা বলেন, বর্তমানে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক অবস্থায় রয়েছে। সম্মানিত গ্রাহকদের অধিক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে বৈদ্যুতিক লাইনের সংস্পর্শে থাকা গাছের ডালপালা কাটার কাজ চলমান রয়েছে। উক্ত কাজে সংশ্লিষ্ট সবাইকে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। তিনি, প্রতি মাসের বিদ্যুৎ বিল নির্দিষ্ট তারিখে পরিশোধ করার জন্য সম্মানিত গ্রাহকদেরকে অনুরোধ জানান। এবং ট্রান্সফরমার চুরি রোধকল্পে গ্রাম্য পুলিশদের পাহারা জোরদার করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। বিভিন্ন জায়গায় ট্রান্সফরমার চুরি রোধকল্পে লালমাই থানার টহল টিমকে বিশেষ নজর রাখার জন্য অফিসার ইনচার্জকে অনুরোধ জানান। এছাড়া তাঁর বিভাগের অন্যান্য কাজ চলমান রয়েছে। | ২। সংশ্লিষ্ট সকলে নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত/বকেয়া বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বাগমারা জোনাল অফিস, লালমাই, কুমিল্লা |
| ২.১৩ | **ইসলামিক ফাউন্ডেশন:** ফিল্ড সুপারভারজার, ইসলামিক ফাউন্ডেশন লালমাই, কুমিল্লা তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ফিল্ড সুপারভারজার, ইসলামিক ফাউন্ডেশন লালমাই, কুমিল্লা |
| ২.১৪ | বিবিধ:<br>সভাপতি বলেন, বর্তমানে আমরা একটি গুরুত্বপূর্ণ সময় পার করছি। দেশে অস্থিতিশীল পরিস্থিতি তৈরি হয় এমন কোন কাজ যেন না ঘটে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকা, দায়িত্বশীল ও সংবেদনশীল আচরণ করার অনুরোধ জানান। তিনি আরও বলেন, উপজেলার কোথাও কোন প্রকারের অপরাধমূলক ও অনৈতিক কাজ চোখে পড়লে গোপনে তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ জানান। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত সিসিটিভি ক্যামেরাগুলো সার্বক্ষণিক বৈদ্যুতিক সংযোগের আওতায় রাখার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানান।<br>সভাপতি আরও বলেন, লালমাই উপজেলায় সামাজিক সম্প্রীতিকে আরও সুদৃঢ় করার লক্ষ্যে ইউনিয়ন সামাজিক সম্প্রীতি কমিটির সভা সমাবেশ সংশ্লিষ্টদের অংশগ্রহণে নিয়মিত করা প্রয়োজন। ইউনিয়ন পর্যায়ে সামাজিক সম্প্রীতি সমাবেশ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>সভাপতি আরও বলেন, লালমাই উপজেলার যে কোন একটি গ্রাম বা ওয়ার্ডকে মাদক ও ধূমপানমুক্ত ঘোষণা করার জন্য তিনি সভায় উপস্থিতি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>আলোচনায় অংশগ্রহণ করে, চেয়ারম্যান, ৮নং বেলঘর দক্ষিণ ইউনিয়ন পরিষদ, লালমাই, কুমিল্লা তার ইউনিয়নের প্রেমনল গ্রামকে মাদক ও ধূমপানমুক্ত ঘোষণা করার প্রস্তাব করেন। | ১। ৮নং বেলঘর দক্ষিণ ইউনিয়নের প্রেমনল গ্রামকে মাদক ও ধূমপানমুক্ত ঘোষণা করার জন্য ঐ এলাকায় একটি মতবিনিময় সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। লালমাই উপজেলাধীন সকল ইউনিয়ন 'ইউনিয়ন সম্প্রীতি কমিটি সভা ও সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা<br>২। অফিসার ইনচার্জ, লালমাই থানা, লালমাই, কুমিল্লা<br>৩।চেয়ারম্যান (সকল),............., ইউপি, লালমাই, কুমিল্লা। |
| ২.১৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা বলেন, লালমাই উপজেলা মাননীয় অর্থমন্ত্রীর স্বপ্নের উপজেলা। এ উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। তিনি লালমাই উপজেলাধীন সকল সাংবাদিকদের উদ্দেশ্য করে বলেন, যে কোন ঘটনা প্রকৃত ও সঠিক তথ্য প্রিন্ট মিডিয়া বা সামাজিক যোগাযোগ মাধ্যমে উপস্থাপন করতে হবে। এজন্য আমাদের সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি উপজেলা প্রশাসন ও পুলিশ বাহিনীর দৃষ্টি আকর্ষণ করে বলেন, উপজেলায় অবৈধ অস্ত্র উদ্ধারে সংশ্লিষ্টদের আরও তৎপরতা বাড়াতে হবে। আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে এক শ্রেণির জাতি গোষ্ঠী রাজনৈতিক অস্থিরতা | ১। লালমাই উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট সকলের ঐক্যবদ্ধভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা .............অফিসার (সকল) ও চেয়ারম্যান, ইউ.পি (সকল) লালমাই কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | তৈরি করতে পারে, তা নিয়ন্ত্রণে অফিসার ইনচার্জ, লালমাই থানাসহ সকল ইউপি চেয়ারম্যানগণকে সতর্ক থানার অনুরোধ জানান। | | |

৩। সভাপতি, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29.08.23

মো. ফোরকান এলাহি অনুপম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
লালমাই, কুমিল্লা

স্মারক নম্বর : ০৫.৪২.১৯৭৩.০০০.৩৩.০০২.২১- ৭৭৯/২ (৪০)

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০ / ২৯ আগস্ট ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫৮ কুমিল্লা-১০;
দৃষ্টি আকর্ষণ: জনাব কে. এম. সিংহ রতন, সহকারী একান্ত সচিব, (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা;
০৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা;
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা;
০৫। সহকারী কমিশনার (ভূমি), লালমাই, কুমিল্লা;
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা;
০৭। উপজেলা, ........................................................,কর্মকর্তা/অফিসার ইনচার্জ, লালমাই থানা, লালমাই, কুমিল্লা;
০৮। অধ্যক্ষ,.............................................................................., কলেজ, লালমাই;
০৯। অধ্যক্ষ/সুপার,..................................................,কলেজ ও মাদ্রাসা, লালমাই, কুমিল্লা;
১০। চেয়ারম্যান,.........................................., ইউনিয়ন পরিষদ (সকল), লালমাই, কুমিল্লা;
১১। প্রধান শিক্ষক,.......................................................................,লালমাই, কুমিল্লা;
১২। ..............................................................................................................
১৩। অফিস কপি।

29.08.23

উপজেলা নির্বাহী অফিসার
লালমাই, কুমিল্লা